



প্রসূতি এনেস্থিটিস্ট এসোসিয়েশন

সিজারিয়ান সেকশনের জন্য সাধারণ এনেস্থিটিক (সিএস) তথ্য কার্ড

এই কার্ড আপনাকে সাধারণ এনেস্থিটিকের মাধ্যমে দেওয়া প্রায় ঘুমের বিষয়ে কিছু তথ্য দিবে।

- জরুরী সিজারিয়ান সেকশনে প্রায় সাধারণ এনেস্থিটিকের প্রয়োজন হয় যদি স্পাইনাল এনেস্থিটিক অথবা এপিডুরাল দেওয়ার যথেষ্ট সময় না থাকে।
- আপনার একটি সূঁচ থাকবে যাকে ইন্ট্রাভেনাস কেনুলা বলে যা আপনার হাতে অথবা বাহুতে থাকবে।
- সাধারণ এনেস্থিটিকের একটি ঝুঁকি হলো যখন আপনি ঘুমে থাকবেন আপনার পাকস্থলি থেকে গ্যাস ফুসফুসে চলে যেতে পারে। ঝুঁকি কমানোর জন্য ড্রিপের মাধ্যমে আপনাকে ইনজেকশন দেওয়া হতে পারে অথবা পায়ে, এবং আপনাকে এন্টাসিড ঔষধ পান করানো হতে পারে।
- অপারেটিং থিয়েটারে আপনার মুখে মাস্ক পড়ানো হবে যার মাধ্যমে শ্বাসের জন্য অক্সিজেন নিতে পারবেন। মাস্ক শক্ত আনুভব হতে পারে, কিন্তু আপনাকে অতিরিক্ত অক্সিজেন প্রদানের জন্য এটা খুবই প্রয়োজন।
- সাধারণ এনেস্থিটিক আপনার ড্রিপে দেওয়া হবে। যখন আপনি ঘুমাবেন আপনি তখন ঘাড় চাপ অনুভব করবেন। এটা আপনার শ্বাসনালী এবং ফুসফুসকে রক্ষা করার জন্য।
- অপারেটিং থিয়েটারে আপনার সাথে আপনার প্রসবকালীন সঙ্গীরা থাকবেনা, কিন্তু তাঁরা পাশে থাকবে।
- সেরে উঠার কক্ষে আপনি যখন জেগে উঠবেন আপনার জাগার যথাশীঘ্র সম্ভব সাথে সাথে আপনি আপনার শিশুকে দেখতে পারেন।
- যখন আপনি জাগেন, আপনার গলা ব্যথা হতে পারে, এবং আপনি অসুস্থ বোধ করতে পারেন। আপনার প্রয়োজনে আরো ব্যথানাশক এবং অসুস্থতা নিরোধী ঔষধ আপনি পাবেন।

যুক্তরাজ্যে প্রতি বছর মহিলাদের জন্য সিজারিয়ান বিভাগে ১৭০০০ সাধারণ এনেস্থিটিক দেওয়া হয়, এবং সেখানে খুব কমই জটিলতা দেখা যায়। যা হোক সাধারণ এনেস্থিটিকে কিছু ঝুঁকি ও পার্শ্ব প্রতিক্রিয়া আছে। এ গুলো কার্ডের অপর পার্শ্ব দেখানো হলো।

সাধারণ এনেস্থেসিয়ার ঝুঁকি ও পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ

সম্ভাব্য সমস্যা	সমস্যা কতটুকু সাধারণ
কাঁপুনি	সাধারণ – প্রতি ৩ জনে ১ জন
গলা ব্যথা	সাধারণ – প্রতি ২ জনে ১ জন
অসুস্থ অনুভব করা	সাধারণ – প্রতি ১০ জনে ১ জন
মাংশপেশীর প্রদাহ	সাধারণ – প্রতি ৩ জনে ১ জন
ঠোঁট এবং জিহ্বা কেটে অথবা খেঁতলে যেতে পারে দাঁতের ক্ষতিসাধন	কখনও কখনও – প্রতি ২০ জনে ১ জন খুবই বিরল – প্রতি ৪,৫০০ জনে ১ জন
যখন আপনি ঘুমিয়ে পড়েন তখন এনেস্থেটিক্স শ্বাস প্রশ্বাসের জন্য নল ঢুকাতে ব্যর্থ হয় বুকে সংক্রমণ	কম - প্রতি ২৫০ জনে ১ জন সাধারণ – প্রতি ১০ জনে ১ জন – কিন্তু অধিকাংশ সংক্রমণ মারাত্মক নয়
পাকস্থলির এসিড ফুসফুসে পৌঁছায়	খুবই বিরল – প্রতি ১,০০০ জনে ১ জন
প্রক্রিয়ার সময় সজাগ থাকে	কম – প্রতি ৪০০ জনে ১ জন
গুরুতর এলার্জি প্রতিক্রিয়া	বিরল – প্রতি ১০,০০০ জনে ১ জন
মৃত্যু অথবা মতিষ্কের ক্ষতি	মৃত্যু: খুবই বিরল – প্রতি ১০০,০০০ জনে ১ জনেরও কম (যুক্তরাজ্যে প্রতি বছরে ১ অথবা ২ জন) মতিষ্কের ক্ষতি: খুবই বিরল – সঠিক পরিসংখ্যান পাওয়া যায়নি

এই ঝুঁকি এবং পার্শ্ব প্রতিক্রিয়ার সঠিক পরিসংখ্যান সহজলভ্য নয়। পরিসংখ্যা অনুমানকৃত এবং হাসপাতালভেদে এর পরিবর্তন হতে পারে। যদি আপনার কোন প্রশ্ন থাকে তাহলে আপনার এনেস্থেটিস্টের সাথে আলোচনা করা উচিত।

রয়েল কলেজ অব এনেস্থেটিক্স এর ওয়েবসাইট www.rcoa.ac.uk থেকে 'এনেস্থেসিয়া ফর কাইসিরিয়ান সেকশন' নির্দেশনামা ডাউনলোড করে আরও তথ্য পেতে পারেন।

ওএএ কে অনুবাদ প্রদান করার জন্য আমরা দাতব্য ট্রান্সলটরস উইথআউট বডার্সের নিকট কৃতজ্ঞ



© প্রস্তুতি এনেস্থেটিস্ট এসোসিয়েশন ২০১২

রেজিস্টার্ড দাতব্য নং ১১১১৩৮২

www.labourpains.com